গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
১ম ১২ তলা সরকারী অফিস ভবন, ৪র্থ তলা
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

সিটিজেন চার্টার

ভিশন ও মিশন:

ভিশন:

সরকারি আর্থিক ব্যবস্থাপনা শক্তিশালীকরণে ভূমিকা রাখা ।

মিশন:

সরকারী অর্থ পরিশোধে কার্যকর পূর্ব-নিরীক্ষা সম্পাদন, আর্থিক বিষয়ে পরামর্শ প্রদান এবং গুনগত মানসম্পন্ন হিসাব প্রণয়নের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা করা ।

১. *প্রতিশ্রুত সেবাসমূহ:*

বাংলাদেশ সশস্ত্র বাহিনীর আর্থিক ব্যবস্থাপনায় গতিশীলতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে Revised System of Financial Management for the Defence Forces-1982 প্রবর্তন করা হয় । কার্যকরভাবে প্রয়োগ এবং এর উদ্দেশ্য অর্জনের জন্য ১৯৮২ সালে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (Defence Finance Department-DFD) প্রতিষ্ঠিত হয় । Revised System of Financial Management for the Defence Forces-1982 জারীর মাধ্যমে ডিপার্টমেন্ট এর আধুনিকায়ন হয়েছে, গতানুগতিক অডিট একাউন্সের Concept পরিবর্তন পূর্বক Financial Management Concept জারী করা হয়েছে । সেই সঙ্গে বাহিনীর কর্মকর্তাগণের সঙ্গে অর্থ নিয়ন্ত্রকগণের কর্মকর্তাগণকে আর্থিক নিরীক্ষা এবং হিসাব সংরক্ষণের সকল ক্ষেত্রে নিবিড় সৌহার্দের মাধ্যমে (Closer liason) কাজ করার নির্দেশনা দেয়া হয়েছে । ফলে একে অপরের পরিপূরক হয়ে কাজ করছে । পুনর্গঠিত ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের প্রশাসনিক ও প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আনুষ্ঠানিক নিয়ন্ত্রণে রাখা হয় । কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর প্রশাসনিক নিয়ন্ত্রনাধীন সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (এয়ারফোর্স), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (নেভী), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (ওয়ার্কস), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (ডিফেন্স পারচেজ), ফাইন্যান্স কন্ট্রোলার (বাংলাদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরী), ফাইন্যান্স কন্ট্রোলার (বিবিধ) এবং সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) এর অধীনে ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) পে-১, ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) পে-২ সহ ০৬ (ছয়) টি এরিয়া ভিত্তিক এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) অফিস প্রতিষ্ঠিত হয় এবং আরও ০২ (দুই) টি এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) অফিস প্রশাসনিক অনুমোদনের অপেক্ষাধীন । ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) পে-২ এর অধীন কোর ভিত্তিক ১২ (বার) টি ফিল্ড পে অফিস রয়েছে । এছাড়া সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (নেভী) এবং সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (এয়ারফোর্স) এর আওতায় যথাক্রমে জাহাজ ভিত্তিক এবং বিমান ঘাঁটি ভিত্তিক ৩ টি করে এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার এর কার্যালয় প্রতিষ্ঠিত হয় । এই পুনর্গঠনের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অর্থ উপদেষ্টা ও আর্থিক সম্মতি (Concurrence) এর কাজ ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর উপর ন্যস্ত করা হয় ।

নাগরিক সেবা:

কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়:

ক্র / নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর)
১.	**আর্থিক উপদেষ্টা ও নীতি প্রণয়নে সহায়তা:** প্রতিরক্ষা অর্থ অধিদপ্তরের প্রশাসনিক প্রধান হিসাবে টেকনিক্যাল বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনীর আর্থিক উপদেষ্টা এবং পরামর্শদাতা হিসেবে কাজ এবং ডিপার্টমেন্টের প্রয়োজনীয় নীতি প্রণয়ন।	চিঠিপত্র, ইমেইল ও ডাকযোগে প্রেরণ। এছাড়া চাহিদা মোতাবেক ফ্যাক্স যোগে পত্র প্রেরণ।	যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে মতামতের চাহিদাপত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৩০ কর্মদিবস	জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৩১৩৪৯
২.	**হিসাব, হিসাব সংক্রান্ত কোড/ম্যানুয়াল প্রণয়ন ও জারী:** সরকারী আইন, অর্ডন্যান্স, বিধিবিধানের আলোকে প্রতিরক্ষা অর্থ বিভাগের হিসাব, হিসাব সংক্রান্ত কোড/ম্যানুয়াল প্রণয়ন ও জারী করা এবং প্রতিরক্ষা সার্ভিসসমূহে হিসাব প্রণয়নের ক্ষেত্রে রুলিং প্রণয়ন বা নির্দেশনা (Instructions) প্রদান করা।	চিঠিপত্র, ইমেইল ও ডাকযোগে প্রেরণ। এছাড়া চাহিদা মোতাবেক ফ্যাক্স যোগে পত্র প্রেরণ।	বর্তমান হিসাব পদ্ধতি প্রণয়নের স্বপক্ষে কোড/ ম্যানুয়েল। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৩ মাস ক্ষেত্র বিশেষে বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর অনুমোদনক্রমে।	জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৩১৩৪৯
৩.	প্রতিরক্ষা নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত নিরীক্ষার কাজে সহযোগিতা করা;	চিঠিপত্র, ইমেইল ও ডাকযোগে প্রেরণ। এছাড়া চাহিদা মোতাবেক ফ্যাক্স যোগে পত্র প্রেরণ।	অডিট বিষয়ে মাননীয় অডিটর জেনারেল এর দিকনির্দেশনা ও আর্থিক বিধি বিধান। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ১০ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২
৪.	অভ্যন্তরীণ আর্থিক নিয়ন্ত্রণ (Internal Financial Control) পদ্ধতির আওতায় সশস্ত্রবাহিনী ও অন্যান্য সংস্থাকে আর্থিক পরামর্শ প্রদান।	চিঠিপত্র, ইমেইল ও ডাকযোগে প্রেরণ। এছাড়া চাহিদা মোতাবেক ফ্যাক্স যোগে পত্র প্রেরণ।	যথাযথ কর্তৃপক্ষ ও সেবা গ্রহণকারী বাংলাদেশ সশস্ত্র বাহিনীর চাহিদাপত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ১৫ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২

ক্র / নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর)
৫.	অর্থ প্রদান/সরবরাহ এবং নগদান নিয়ন্ত্রণ। এ সকল কার্যাবলী সম্পাদনে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টের প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা যেমনঃ লোক নিয়োগ, পদোন্নতি, আন্তঃ এফসি কার্যালয়ে বদলী, প্রশিক্ষণ, চাকুরীর শর্তাদি নিয়ন্ত্রণ, আন্তঃ কার্যালয়ের বাজেট সমন্বয় সাধন, সরকারী বিধি বিধানের ব্যাখ্যা।	চাহিদাপত্র।	কর্তৃপক্ষের চাহিদাপত্র, চাকুরীর রেকর্ড, নিয়োগবিধি। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৩০ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২
৬.	বাহিনীত্রয় এর ও আন্তঃবাহিনীর বরাদ্দকৃত বাজেট ও খরচের উপর ভিত্তি করে উপযোজন হিসাব প্রণয়ন করে সংসদে পেশ করা হয়। বিনিময় হিসাব সিজিএ কার্যালয়ে প্রেরণ করা হয়।	হিসাব শাখা কর্তৃক প্রাপ্ত।	আর্থিক বছর শেষে চূড়ান্ত হিসাব সমাপ্তির পর হিসাব শাখা কর্তৃক প্রাপ্ত হিসাব। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৯০ কর্মদিবস	কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৫৪৮৯
৭.	সরকার কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য সকল দায়িত্ব সুচারুরূপে সম্পাদন করা।	চিঠি/মঞ্জুরীপত্র ডাকযোগে প্রেরণ।	যথাযথ কর্তৃপক্ষ ও সেবা গ্রহণকারী বাংলাদেশ সশস্ত্র বহিনীর চাহিদাপত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৭ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২

অভ্যন্তরীণ সেবা:

ক্র/ নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর)
১.	জনস্বার্থে, প্রশাসনিক প্রয়োজনে নিয়োগ/বদলী, পদোন্নতি।	চাহিদা মোতাবেক জনস্বার্থে ও প্রশাসনিক প্রয়োজনে।	নিয়োগ ও বদলী বিধি মোতাবেক সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	নিয়োগের ছারপত্রের সময়সীমা মোতাবেক ও চাকুরী নীতিমালা মোতাবেক	জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৩১৩৪৯
২.	শৃঙ্খলা ও দূর্নীতিজনিত সকল বিষয়ে ছাড়পত্র প্রদান, সিলেকশন গ্রেড, টাইমস্কেল, পদায়ন, পেনশন ও অবসরোত্তর ছুটি ইত্যাদি।	চাহিদা পাওয়ার পর বিধি মোতাবেক কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক চাহিত তথ্য প্রদান করা হয়।	চাহিদা পত্রের প্রেক্ষিতে তথ্য সরবরাহ। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ১৫ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২

ক্র/ নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর)
৩.	বিভাগীয় মামলার বিষয়ে দায়েরকৃত এ.টি/এ.এ.টি/ লিভ টু আপীল/ রিট ইত্যাদি মামলার সময়মত দফাওয়ারী জবাব/ এসএফ প্রেরণ এবং বিভিন্ন আদালতের রায়ের আলোকে আইনানুয়গ কার্যক্রম গ্রহণ।	আইন কোষ থেকে মামলার আরজি পাওয়ার পর সংশ্লিষ্ট নথির তথ্যাদি পর্যালোচনা করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক দফাওয়ারী জবাব প্রেরণ করা হয়।	আবেদনপত্র ও চাহিদা পত্রের প্রেক্ষিতে তথ্য সরবরাহ। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ১০ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২
৪.	কর্মকর্তা/ কর্মচারীদের বিভিন্ন মন্ত্রণালয়, প্রশিক্ষণ একাডেমি ও স্বীয় কার্যালয়ে ইন হাউস প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ।	চাহিদা পাওয়ার পর বিধি মোতাবেক কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক চাহিত তথ্য প্রদান করা হয়।	অফিস আদেশ, প্রশিক্ষণ কর্মসূচী, চাহিদাপত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	প্রশিক্ষণ কার্যক্রম সময়সূচী অনুযায়ী সর্বোর্চ্চ ৭ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২
৫.	কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন মঞ্জুরী সংক্রান্ত কার্যক্রম গ্রহণ।	আবেদন পত্রের তথ্য সরবরাহ।	চাহিদা পত্রের প্রেক্ষিতে পেনশন সহজীকরণ বিধি মোতাবেক প্রযোজ্য কাগজপত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৭ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২
৬.	কর্মকর্তা ও কর্মচারীদের ছুটির হিসাব, গড় বেতনের ছুটি ও শ্রান্তি বিনোদনছুটি মঞ্জুরী সংক্রান্ত	আবেদন ও চাহিদা পত্র।	আবেদন ও চাহিদা পত্রের প্রেক্ষিতে ছুটির প্রাপ্যতা সনদ। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৩ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২
৭.	কর্মকর্তা ও কর্মচারীদের পাসপোর্ট অনুমোদন ও কর্মচারীদের বৈদেশিক ছুটি মঞ্জুরী সংক্রান্ত ।	অফিস আদেশ জারী করা।	আবেদন ও চাহিদা পত্রের প্রেক্ষিতে ছুটির প্রত্যয়নপত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ২ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২

ক্র/ নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর)
৮.	বাজেট প্রণয়ন ও বন্টন (এসএফসি ও এফসি অফিস সমূহ) সংক্রান্ত	তথ্য সরবরাহ। অফিস আদেশ জারী।	বাজেট প্রাক্কলন, খরচ বিবরণী, চাহিদা পত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৩ কর্মদিবস	জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৩১৩৪৯
৯.	Magnetic Ink Character Recognition (MICR) Encoded প্রযুক্তি সম্পন্নচেক মুদ্রণ ও বিতরণ (ঢাকা ও ঢাকার বাহিরে) অফিস সংক্রান্ত।	চেক সরবরাহ করা।	আবেদন পত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৬ মাস।	জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৩১৩৪৯
১০.	কর্মকর্তা ও কর্মচারীদের গৃহনির্মাণ / গৃহমেরামত / মোটর সাইকেল / কম্পিউটার / বাইসাকেল অগ্রিম ঋণ মঞ্জুরী সংক্রান্ত বিষয়াদি।	আবেদন পত্র।	আবেদনের প্রেক্ষিতে যথাযথ বায়নানামা চুক্তি পত্র ও ভাউচার সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৫ কর্মদিবস	জয়েন্ট কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৩১৩৪৯
১১.	ওয়েবসাইটে তথ্য হালনাগাদ করণ।	নতুন তথ্য সরবরাহ।	চাহিদাপত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৩ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২
১২.	ইন্টারনেট সংযোগ ও ভাইরাস/ এন্টি ভাইরাস সংক্রান্ত সফটওয়্যার সমস্যা।	সমস্যা দূরীকরণ।	চাহিদাপত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	সর্বোচ্চ ৩ কর্মদিবস	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২
১৩.	পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি।	সিদ্ধান্ত প্রদান।	প্রয়োজনীয় আবেদন, চিঠিপত্র। সিজিডিএফ কার্যালয় (৪র্থ তলা)	বিনামূল্যে	তাৎক্ষনিক	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স ফোন নম্বর: ৯৩৫৮৯০২

অভিযোগ ব্যবস্থাপণা পদ্ধতি:

সেবা প্রাপ্তিতে অসন্তোষ্ট হলে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করুন । তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন ।

ক্র/ নং	কার সাথে যোগাযোগ করবেন	যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বর	সময়সীমা
১.	ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স-১	কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয় ১ম ১২ তলা সরকারী অফিস ভবন, ৪র্থ তলা সেগুনবাগিচা, ঢাকা-১০০০ । ফোন নম্বর: ৯৩৫৮৯০২ ।	০৩ দিন

আপনার কাছে আমাদের প্রত্যাশা:

ক্র/ নং	প্রতিশ্রুত/ কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয়
০১.	স্বয়ং সম্পূর্ণ সুনিদিষ্ট অভিযোগ দাখিল ।
০২.	আপীল/রিভিউয়ের ক্ষেত্রে নির্ধারিত সময়ে আবেদন দাখিল ।
০৩.	সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা ।
০৪.	সেবার ক্ষেত্রে ত্রুটি অথবা কোন প্রকার বিলম্ব হলে তাৎক্ষণিক জানানো ।

টীকা: ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক উন্নত সেবা প্রদানের লক্ষ্যে সিটিজেন চার্টার প্রকাশনা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ । এতে কোন ভুল ভ্রান্তি ত্রুটি দৃষ্টি গোচর হলে বা চার্টারের মান আরোও উন্নয়নে কোন সুচিন্তিত মতামত ও পরামর্শ থাকলে তা কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স কার্যালয়কে পত্র মারফত বা e-mail এর মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ

(মোঃ মোসলেম উদ্দীন)
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স